

কবিতা



কবিঃ সৌতিক সিংহ

email: soutik@gmail.com

পাল্টানো অনুভূতি

সময়ের সাথে পাল্টেছে পৃথিবী, পাল্টেছো তুমিও
চেনা চেনা ছোটো ছোটো অনুভূতিগুলো হারিয়েছো
নীল কাঁচের চশমার আড়ালে নিজেকে লুকিয়েছো
রোদ্দুরের মিষ্টি গন্ধ আজ তুমি ভুলে গেছ' ।

দেখে দেখে রোজ শিখে শিখে আমিও পাল্টেছি আজ
দিনশেষে কুয়াশায় নিয়েছি ছদ্মবেশী ধূসর সাজ
নেশা ভরা সন্ধ্যায় রোজকার ভুলে যাওয়া কাজ
ছোটো থেকে ছোটো হতে হতে হারিয়েছি লাজ ।

সময়ের অবকাশে রামধনু রঙে নিতে ভিজে
তোমার অনুভূতিগুলো আজ শুধু কড়কড়ে কাগজে
পাল্টানো সময়ের সাথে রোজ অভিযোজনের কাজে
সেই দিনগুলো ভুলে যেতে ডুবে যাও নেশার আমেজে ।

বহুদিন পরে পরে পাই তবু তোমার হঠাৎ চিঠি
শুধুই জানতে চাও রোজকার জীবনের খুঁটিনাটি
মাঝে মাঝে বাসস্ত্যভ মোড়ে হঠাৎ কালো চোখদুটি
আমাকে ছুটিয়ে নিয়ে যায় পরকীয়া পাল্টানো অনুভূতি ।

অনায়াসে ছিনে নিতে

অনায়াসে শুধু ভালোবেসে ছিনে নিতে
স্বপ্ন কিছু মুহূর্তের চেনা ছবিতে
আসবো-ই ফিরে দেখো ঠিক লুটে নিতে
আসবো তোমার পৌষমেলার রাতে
দুরন্ত শ্রাবণী বন্যার আচম্বিতে
নাচের আবেশে বুদ্ধ পূর্ণিমার নিশীথে
সাঁওতাল পল্লীতে মছয়ার মৌতাতে
স্বপ্নের আবেশে একবার ছুঁয়ে যেতে
তোমাকে প্রতি অঙ্গের আলিঙ্গনে বেঁধে
ফিরে যেতে সেই ভুলে যাওয়া স্মৃতিতে
চেনার মাঝে খুঁজে পেতে অচেনাকে
যুগান্তরের ভালোবাসাসে ধ'রে বুক
বৈশাখী ঝড়ে বারবার ফিরে পেতে
অমৃতসুধার সেই স্বাদ নিতে ঠোঁটে
সোনালী ধানের ক্ষেতে শুধু ভেসে ভেসে
পৃথিবীর সাথে তোমাকেও ভালোবেসে
কুয়াশায় ভেজা মায়া ঘেরা উন্মাদে
ছিনে নিতে শুধু ভালোবাসা অনায়াসে ।